
দীপ্তি পাল প্রোডাকসন্সের তৃতীয় নিবেদন
অমর সঙ্গী
রঙীন

# কাহিনী

# অমর সঙ্গী

চা বাগানের মালিক ধনী ব্যবসায়ী ইন্দ্রনীল চ্যাটার্জীর একমাত্র ছেলে সাগর। পড়াশুনো করার জন্য দীর্ঘদিন কলকাতায় থাকার পর বাড়ী ফিরছে।—সাগর কিন্তু নিজের বাড়ী পৌঁছানোর আগেই তার ছোটমার বাড়ীতে পৌঁছে গেছে। সেখানে আরো আছে তার ছোটবেলার সাথী ঝিলিক—যার সাথে একটু একটু করে মন দেওয়া-নেওয়ার পালা শেষ হয়েছে সাগরের।— ছোট মা সাগরকে শৈশবে লালনপালন করেছিলেন। সাগর ছোট মাকে তার নিজের মায়ের চাইতে কিছু কম ভালবাসে না। কিন্তু সাগরের বাবার কাছে ছোটমা একজন ধাত্রী ছাড়া আর কিছুই নয়। ছেলের পড়াশুনোর সাফল্যে ইন্দ্রনীলবাবু পার্টির আয়োজন করেছেন। সকল আমন্ত্রিতের সাথে ইন্দ্রনীল বাবুর ধনী-বন্ধু-কন্যা টুম্পাও এসেছে। অতি আধুনিকতার সাজে-চলন-বলনে সাগরকে আকর্ষণ করতে চায় সে। সাগরের সেদিকে লক্ষ্য নেই, সে খুঁজে বেড়ায় ছোটমাকে, কিন্তু তিনি তো আসেন নি। ছুটে গেল সাগর ছোটমার বাড়ীতে। উত্তেজনা এবং দুঃখে যা নয় তাই বলে এল তার ছোট মাকে। কিন্তু ছোটমার মুখ থেকে একটা কথাও শুনতে পেল না সাগর। বাড়ীতে ফিরে এসে সাগর শুনলো ঘটনা অন্যরকম। ছোটমা এসেছিলেন, ইন্দ্রনীলবাবুই তাঁকে অপমান করে তাড়িয়ে দিয়েছেন।—ঝিলিকের জন্মদিন সামনেই। সাগর ঐদিন আনুষ্ঠানিক ভাবে তার এবং ঝিলিকের "বাগদান" ঘোষণা করতে চায়। ইন্দ্রনীলবাবু খবরটা কিন্তু জেনে গেলেন। সাগর ঝিলিকের জন্মদিনে যাওয়ার জন্য প্রস্তুত। এমন সময় খবর আসে ইন্দ্রনীল বাবুর "হার্ট এ্যাটাক" হয়েছে। ডাক্তার বললেন কলকাতার কোন বড় হাসপাতালে চিকিৎসা না করলে ওঁর জীবন সংশয় হতে পারে। সাগরের সব পরিকল্পনা ভেস্তে গেল। বাবাকে নিয়ে কলকাতা রওয়ানা হলো সে।

(শেষটুকু তারপর ...................
রুপোলী পর্দায় দেখুন)।



# গান

তুমি ছাড়া এমন আপন
আমার যে আর কেউ নাই
আমি কিগো তোমাকে ছেড়ে
একা একা থাকতে পারি।
—সঙ্গী-সঙ্গী-আমরা
অমর সঙ্গী।

# অমর সঙ্গী

তুমি আছ সেই যে তোমারি
তুমি আছ সেই আমারি।
—সঙ্গী সঙ্গী আমরা
অমর সঙ্গী—
এতো কাছে রয়েছ তুমি
আরো কাছে তোমাকে যে চাই

কথা : পুলক বন্দ্যোপাধ্যায়
সুর : বাপ্পী লাহিড়ী

আমি মন দিয়েছি মনটা নিতে চাই
একটু তোমায় ডাকছি কাছে তাই
আমি অনেক দেখে শুনে
এই নিয়েছি যে মেনে
তোমার মত সঙ্গী কোথাও নাই।
ভালোলাগার সময় এখন শেষ
এবার খুঁজি ভাললাগার দেশ
যেথায় শুধু তুমি
তোমার পাশে আমি
ইচ্ছে মতন চলে যাই।
দিনের শেষে আসছে নেমে রাত
শক্ত হাতে ধরেছি মোরা হাত
নেই তো ছাড়াছাড়ি
নেইতো কোন আড়ি
যখন তোমায় কাছে পাই।





শিল্পী : বাপ্পী লাহিড়ী ও
আশা ভোঁসলে
কথা : পুলক বন্দ্যোপাধ্যায়
সুর : বাপ্পী লাহিড়ী

আমার ইচ্ছে করছে ভালোবাসতে
ভালোবাসবোই বাসবো
তোমার মুখটা কি সুন্দর
আমি বলবোই বলবো ।
মনটা কেবলই কি যে চাইছে
কত কি আশা যে মনে জাগছে
বুকের ভেতর কি যে হচ্ছে
তোমাকে আমার দারুণ ভাল লাগছে
আমাদের কে দেবে বাধা
আমরা যা খুশী গান গাইব ।
এই পড়োনা পড়োনা পা পিছলে
বুঝেছি তোমার নেশা হয়েছে
অন্য নেশা তো কিছু জানি না
প্রেমের নেশাই বুকে রয়েছে
যে নেশায় আমরা দুজন
চুর হয়ে আজ শুধু ঘুরবো ।
ছুটিয়ে করেছে প্রেম জগতে
রাধা আর শ্রীকৃষ্ণ দুজনে
তাদের হারিয়ে দেব আমরা
ভালোবাসা দিয়ে এই জীবনে
যেখানে যখনি মন চাইবে
আমরা দুজনে কাছে আসব ।



শিল্পী : বিজয়েতা পণ্ডিত
কথা : পুলক বন্দ্যোপাধ্যায়
সুর : বাপ্পী লাহিড়ী

মনটা আমার হারিয়ে গেছে তা মানি না
কোথায় আমি থাকব আমি তা জানি না
আমায় বুঝতে হবে
তবেই আমায় পাবে
মনের অনুরোগে তাই ।
নই সহজ আমি নই
একটুখানি কাছে এলেও
অনেক দূরে রই
হাত বাড়ালেই নাগাল পাবে
যদি তোমার মনটা ভাবে
করছো তুমি ভুল যে অনেক
বলি আগে ভাগে
তাই মনে করাই আজ
যেই না তুমি ডাকবে কাছে
থাকবে আমার কাজ
সাধতে হবে তখন আমায়
তবেই দেবো সাড়া
বলবো [illegible] আমার





শিল্পী : আশা ভোঁসলে

কথা : পুলক বন্দ্যোপাধ্যায়

সুর : বাপ্পী লাহিড়ী

যেখানেই থাকো সুখে থাকো
এই আমি শুধু চাই
এই শুভ রাতে
আমি যে তাই গান গাই।
মনে করো এ গান আমার
অনুরাগের ভরা উপহার
আমার প্রাণের মাঝে
নিত্য যে সুরে বাজে
আমি রেখে যাই তাই।
আমার যত সাধ হারালো যে আজ
ফিরে পাবো তাকে যে আবার
জীবন চলে গেলে
নতুন জন্ম এলে
এই আমি বলে যাই।



অলোক সম্পাতে

সতীশ হালদার, ভবরঞ্জন দাস, দুঃখীরাম নস্কর,
শর্মা, অনিল পাল, কাশী কাহার, মঙ্গল সিং, হংসরাজ, বেন্দেশ্বর বিশওয়াল, সুনীল
ভট্টাচার্য, গোবিন্দ হালদার, বাউরীবন্ধু মান্না, জহর দাস, তারাপদ মান্না, ব্রজেন দাস, কান্টু,

★ শব্দগ্রহণ ★

রণজিত দত্ত ( এন টি ওয়ান স্টুডিও ), অনিল দাশগুপ্ত ( টেকনিসিয়ান্স স্টুডিও ),
জ্যোতি চ্যাটার্জী ( এন এফ ডি সি ), অনুপ সেনগুপ্ত, দীপক কাপুর ( ফিল্ম
এন্টারপ্রাইজেস বম্বে )

★ কেশ বিন্যাস ★

অমিয় দাস, মিস জয়া ( বম্বে ), প্রমিলা হান্টার ( বম্বে )

সংগীত গ্রহণ

মেহবুব স্টুডিও ( বম্বে ), সানি সুপার সাউন্ড ( বম্বে )

★ পরিস্ফুটনে ★

বিজয় কালার ল্যাবরেটরী ( মাদ্রাজ )

শব্দ পুনর্যোজনা : হীতেন্দ্র ঘোষ ( রাজকমল স্টুডিও বম্বে )

শিল্প নির্দেশনা : কার্তিক বসু। চিত্রগ্রহণ : বিজয় দে

সম্পাদনা : বৈদ্যনাথ চ্যাটার্জী। লাইট কম্পোজার : এফ মাকরানী ( বম্বে )

নৃত্য পরিচালনা : পাপ্পু খান্না ( বম্বে )

।। সহকারীবৃন্দ ।।

পরিচালনায় : সুনীল দাস, সমীর চক্রবর্তী, প্রিয়তোষ লাহা

চিত্রগ্রহণে : জনক ঘোষ, মোহন রানা,

ব্যবস্থাপনায় : জগদীশ পান, কার্তিক দাস

শিল্প নির্দেশনায় : রবি দত্ত

রূপসজ্জা : বিমল মজুমদার। সম্পাদনা : শেখর চন্দ

কৃতজ্ঞতা স্বীকার

ইন্দিরা পাল, অসীম সরকার, শংকর পাল, নিমাই মণ্ডল, বিজয় খেমকা, দুলাল চক্রবর্তী, সুনীল জিন্দাল, সন্তু ব্যানার্জী, মানস ভট্টাচার্য ( স্টেট ব্যাঙ্ক ), দেবশ্রী মিত্র, তোচন ঘোষ, পাইন উড অশোক হোটেল ( শিলং ), মিস ওনার্নাল মিলিয়েমসাপ ( এম, টি, ডি ) সি, শিলং, মি: এন প্রসাদ ( ডি, সি, শিলং ), গ্রুপ ক্যাপ্টেন আর এস সেগল কমান্ডিং অফিসার শিলং লেফটেন্যান্ট কর্ণেল আর বি এস গৌর ( শিলং ) চেয়ারম্যান মেঘালয় স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ( শিলং ), মি: এ কে রাজখোয়া, ইনস্পেক্টর শিলং এয়ারপোর্ট।

---

"এ্যারিস্টোক্রাট" কলিকাতা-৪৬ হইতে মুদ্রিত। ফোন : ২৪-১০৫৪